মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ০৭-০৬-২০২০ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | রিয়ার এডমিরাল এম শাহজাহান , বিএন, চেয়ারম্যান। |
| তারিখ | : | ০৭-০৬-২০২০ খ্রিঃ। |
| সময় | : | ১২.০০ ঘটিকা। |
| স্থান | : | মবক'র সভা কক্ষ। |

উপস্থিত সকলকে করোনাকালীন আন্তরিকভাবে দাপ্তরিক কাজ সম্পাদন করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সরকার কর্তৃক নির্ধারিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ০৭-০৫-২০২০ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।

২। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

| ক্রমিক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১. | বাস / মিনিবাস / কোস্টার ক্রয় প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | ক) মন্ত্রণালয় হতে অনুমোদিত নন-এসি মিনিবাসের পরিবর্তে এসি মিনিবাস ক্রয়ের জন্য গত ১৯-০৩-২০২০ তারিখে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি অনুমোদন পাওয়া যায়নি।<br><br>খ) কর্মচারীদের জন্য ৩টি বাস ক্রয়ের জন্য গত ১৯-০৩-২০২০ তারিখে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি অনুমোদন পাওয়া যায়নি। | ক) নন-এসি মিনিবাসের পরিবর্তে এসি মিনিবাস ক্রয়ের জন্য মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করতে হবে।<br><br>খ) কর্মচারীদের জন্য ৩টি বাস ক্রয়ের জন্য মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ২. | অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | গত ১২-০৩-২০২০ তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় অডিট কমিটি সভার খসড়া কার্যবিবরনী হাতে হাতে অডিট অধিদপ্তরের উপ-পরিচালক এর বরাবরে প্রেরণ করা হয়েছে। উক্ত ত্রিপক্ষীয় সভার কার্যবিবরনী পাওয়া গিয়েছে। কার্যবিবরণীর ২৩টি অডিট আপত্তির মধ্যে ১৮টি আপত্তি নিস্পত্তির সুপারিশ পাওয়া গিয়েছে। আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হবে মর্মে প্রধান নিরাক্ষা কর্মকর্তা সভায় অবহিত করেন। | অডিট আপত্তি সমূহ দ্রুত মীমাংসার ব্যবস্থা করতে হবে। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| ৩. | মবক'র অফিস ও আবাসিক এলাকা ও জেটি এলাকা পরিস্কার পরিচ্ছন্নতা প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | ক) (i) ০২ (দুই) আবাসিকের গঠিত কমিটি কর্তৃক আবাসিক এলাকার পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সার্বিক বিষয়ে মনিটরিং করতে হবে। পরিষ্কার পরিচ্ছন্ন ও জঙ্গল পরিষ্কারের কাজ অব্যাহত রাখতে হবে। যাতে নতুন করে জঙ্গল সৃষ্টি না হয়। দুই আবাসিকের জন্য দুইটি ঘাস কাটার মেশিন ক্রয় করতে হবে।<br>(ii) আবাসিক এলাকায় বসবাসকারীগণ তাদের চত্বরসমূহ পরিষ্কার রাখবেন। এ লক্ষে একটি বিজ্ঞপ্তি দিতে হবে। চিকুনগুনিয়া এবং ডেঙ্গু রোগের সময় এসে গেছে। এ জন্য পরিস্কার পরিচ্ছন্নতার দিকে বিশেষ নজরদারী রাখতে হবে।<br>(iii) খুলনাতে ড্রেনের কাজ সম্পন্ন করতে হবে এবং বাংলোগুলিতে সিডিউল করে পরিষ্কার পরিচ্ছন্নের পদক্ষেপ নিতে হবে।<br>খ) জেটি এলাকার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য মনিটরিং করার জন্য সহকারী ট্রাফিক ম্যানেজারকে দায়িত্ব দেয়া হয়েছে। এছাড়া জেটির ভিতরে ক্রেণ ও বিভিন্ন ইকুপমেন্টসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (i) ঘাস কাটা মেশিন ক্রয় দ্রুত সম্পাদন করতে হবে।<br><br>(ii) এ বিষয়ে নিয়মিত তদারকিসহ আবাসিক এলাকা পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ চলমান রাখতে হবে।<br><br>(iii) বাংলোগুলিতে সিডিউল করে পরিষ্কার পরিচ্ছন্নের কাজ চলমান রাখতে হবে।<br>খ) জেটি এলাকার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এ বিষয়টি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিশ্চিত করবেন। | পরিচালক (প্রশাসন), প্রধান প্রকৌঃ (সিঃওহাঃ) আবাসিকের গঠিত কমিটি আহবায়কদ্বয়, সভাপতি / সাধারণ সম্পাদক, সিবিএ<br><br>সহকারী ট্রাফিক ম্যানেজার |

| ক্রমিক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বা |
|---|---|---|---|---|---|
| ৪. | পরিত্যক্ত ভবনের তালিকা প্রস্তুত প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | পরিত্যক্ত ভবনের সংরক্ষিত মূল্য গত ২৪-০৩-২০২০ তারিখে চেয়ারম্যান মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। পুরাতন মোংলার পরিত্যক্ত ভবনের সংরক্ষিত মূল্য অনুমোদনের জন্য বোর্ড সভার কার্যপত্র বোর্ড ও জনসংযোগ বিভাগে প্রেরণ করা হয়েছে। | পরবর্তী বোর্ড সভায় বিষয়টি উপস্থাপন করতে হবে। | সচিব (বোওজস) |
| ৫. | ঢাকাস্থ মবক'র লিয়াজো অফিস কাম- রেস্ট হাউজের ফ্লাট/ফ্লোর ক্রয় সংক্রান্ত | ১২/০৯/২০১৯ | এ বিষয়ে গত ২৩-০৪-২০২০ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে। করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে সরেজমিনে পরিদর্শণ করা হবে। | করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে ঢাকাস্থ মবক'র লিয়াজো অফিসের জন্য ফ্লাট/ফ্লোর ক্রয়ের ব্যবস্থা নিতে হবে। | গঠিত কমিটি |
| ৬. | পারিজাতের পিছনে নদী ভাঙ্গান প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | পারিজাতের পিছনে নদী ভাঙ্গন স্থানটি চেয়ারম্যান মহোদয় পরিদর্শন করেছেন। পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে মর্মে প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) সভায় অবহিত করেন। | পানি উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ৭. | গাড়ীর সাংগঠনিক কাঠামো এবং টিওএন্ডই তে অন্তর্ভুক্ত প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | ক) গাড়ীর সাংগঠনিক কাঠামো তৈরির জন্য খসড়া কার্যপত্র সকল বিভাগে মতামতের জন্য গত ২৮/০৫/২০২০ তারিখে প্রেরণ করা হয়েছে এবং প্রত্যেক বিভাগে প্রাধিকার অনুযায়ী কতটা চাহিদা সে বিষয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>খ) আরএফকিউ পদ্ধতিতে আউট সোর্সিং এর মাধ্যমে দুটি গাড়ী ভাড়া করার লক্ষে ০৪/০৬/২০২০ তারিখে পত্র জারী করা হয়েছে। | ক) চাহিদা প্রাপ্তির পর বিষয়টি বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) আউট সোর্সিং এর মাধ্যমে দুটি গাড়ী সংগ্রহের যথাযথ ব্যবস্থা নিতে হবে। | কমন সার্ভিস শাখা |
| ৮. | মবক'র বন্দর আবাসিক এলাকায় শিশু পার্ক তৈরী প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | এ বিষয়ে ৩০%-৩৫% কাজ সম্পন্ন হয়েছে। করোনার কারণে কাজ গত ২৪-০৩-২০২০ তারিখ হতে অদ্যাবধি বন্ধ আছে। চেয়ারম্যান মহোদয় আবাসিক এলাকায় শিশু পার্ক নির্মাণ করার জন্য প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) কে অনুরোধ জানান। | কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে। নির্মিতব্য শিশু পার্কের 3d presentation তৈরি করে প্রদর্শন করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ৯. | মবক'র পাইলটদের ইউনিফর্ম পরিধান প্রসঙ্গে। | ২৯/১০/২০১৯ | মবক'র পাইলটদের সাজ পোষাক প্রদান নীতিমালার কার্যপত্র বোর্ড সভায় উপস্থাপনের জন্য বোর্ড ও জনসংযোগ বিভাগে প্রেরণ করা হয়েছে। | বোর্ড সভায় অনুমোদনের পর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও হারবার মাস্টার |
| ১০. | মবকতে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান প্রসঙ্গে। | ১১/১২/২০১৯ | করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে নির্ধারিত খেলার মাঠে বালু ভরাটের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) জানান যে, সুবিধামত সময়ে ড্রেজিং মাটি দিয়ে খেলার মাঠ ভরাট করার বিষয়ে আলোচনা হয়। | সুবিধামত সময়ে ড্রেজিং মাটি দিয়ে খেলার মাঠ ভরাট করতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান নিরাপত্তা কর্মকর্তা ও প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |

| ক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১১. | মোংলা থানা, পুলিশ ফাঁড়ি, ওসি বাংলো, ইমিগ্রেশন অফিস এবং জেটি মেইন গেইট এ ব্যবহৃত মবক'র বকেয়া বিদ্যুৎ বিল প্রসঙ্গে। | ১৯/১০/২০২০ | আগামি দুই মাসের মধ্যে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়ে মোংলা থানা, পুলিশ ফাঁড়ি, ওসি বাংলো, ইমিগ্রেশন অফিস এবং জেটি মেইন গেইট এর সংশ্লিষ্ট কর্মকর্তাকে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে এবং দুই মাস অতিবাহিত হবার পর বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বকেয়া বিদ্যুৎ ও পানির বিল আদায়ের জন্য যান্ত্রিক ও তড়িৎ বিভাগ থেকে গত ০৪-০৫-২০২০ তারিখে চূড়ান্ত তাগিদপত্র মোংলা থানায় প্রেরণ করা হয়েছে। উক্ত সময়সীমা অতিবাহিত হলে সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) জানান যে, মোংলা থানা এবং বাংলো এর বিদ্যুৎ সংযোগ কর্তন করা হয়েছে এবং বকেয়া বিদ্যুৎ বিল বাবদ এ মাসে ১,৮৯,০০০ টাকা পরিশোধ করবে এবং অবশিষ্ট অর্থ পরিশোধ করার বিষয়ে আলোচনা হয়। | বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের ব্যবস্থা নিতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) এবং প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ১২. | ঘূর্ণিঝড় বুলবুল এর আঘাতে উপড়ে পড়া গাছের সংখ্যা ও পরবর্তী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে। | ২৪/০২/২০২০ | ঘূর্ণিঝড় বুলবুল এর আঘাতে উপড়ে পড়া গাছগুলো বিক্রয়ের লক্ষে গাছের মূল্য নির্ধারণের কাজ সম্পন্ন হয়েছে। গত ০৭-০৬-২০২০ তারিখে নিলাম অনুষ্ঠিত হয়েছে এবং চাহিত মূল্য না পাওয়ায় পুনরায় নিলাম বিজ্ঞপ্তি দেয়ার বিষয়ে আলোচনা হয়। | ০৭-০৬-২০২০ তারিখে অনুষ্ঠিত নিলামে সংরক্ষিত মূল্য হতে অনেক কম মূল্য পাওয়ায় নিলাম বাতিল করা হয়। পুনরায় নিলাম বিজ্ঞপ্তি প্রদান করতে হবে। | সম্পত্তি শাখা, মোংলা |
| ১৩. | মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা বিষয়ে আলোচনা | ২৪/০২/২০২০ | ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা চূড়ান্তকরণের বিষয়ে পৌরসভার মেয়র এর সাথে আলাপ হয়েছে। সভার তারিখ নির্ধারণপূর্বক আলোচনা করা হবে। | পৌরসভার মেয়রের সাথে আলোচনা করে নীতিমালাটি দ্রুত চূড়ান্ত করতে হবে। | সম্পত্তি শাখা, মোংলা |
| ১৪. | লেডি ডাক্তার নিয়োগ প্রসঙ্গে। | ২৪/০২/২০২০ | দৈনিক বেতনভুক্ত/থোক বরাদ্দের মাধ্যমে একজন লেডি ডাক্তার নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অভিজ্ঞ লেডি ডাক্তারের মাধ্যমে সপ্তাহে দুই দিন মবক'র হাসপাতালে চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে বোর্ড সভায় উপস্থাপনের জন্য কার্যপত্র বোর্ড ও জনসংযোগ বিভাগে প্রেরণ করা হয়েছে। | বোর্ড সভার অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইতঃবসরে নিয়োগ সংক্রান্ত আনুষঙ্গিক কার্যাদি চলমান রাখতে হবে। | প্রধান চিকিৎসা কর্মকর্তা |
| ১৫. | কন্টেইনার হ্যান্ডলিং প্রকল্প এবং নিরাপত্তা বিভাগের লোক নিয়োগ প্রসঙ্গে। | ২৪/০২/২০২০ | কন্টেইনার হ্যান্ডলিং প্রকল্পের কর্মচারী নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির জন্য গত ২৫-০৩-২০২০ তারিখে নৌপমে পত্র প্রেরণ করা হয়েছে। নিরাপত্তা বিভাগের ১৭২ জনের নিয়োগের মেয়াদ শেষ হওয়ায় মেয়াদ বৃদ্ধির জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। কন্টেইনার হ্যান্ডলিং প্রকল্প লোক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। গত ০১/০৬/২০২০ তারিখে ছাড়পত্রের মেয়াদ ০১ বছর বৃদ্ধির অনুমোদন পাওয়া গেছে। নিয়োগের বিজ্ঞপ্তির জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সাধারণ ক্যাটাগরির পদসমূহে বিপুল সংখ্যক আবেদন পাওয়ায় নিয়োগ কার্যক্রম জটিল, সময় স্বাপেক্ষ এবং ব্যবস্থাপনায় সমস্যা দেখা যাচ্ছে। বিষয়টি বিস্তারিত আলোচনা হবে। যেহেতু সকল পদে অনেক প্রার্থী পাওয়া যায় সে বিবেচনায় বিজ্ঞপ্তিতে জিপিএ (৪.০০-৪.৫০) উল্লেখ করার জন্য বোর্ড সভায় কার্যপত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | সাধারণ পদগুলিতে নিয়োগের ক্ষেত্রে অধিকসংখ্যক প্রার্থী পাওয়া যায়, ফলে নিয়োগের কাজ সময় স্বাপেক্ষ ও পরীক্ষা কেন্দ্রের অপ্রতুলতার জন্য ম্যানেজমেন্ট সমস্যা হয়। এই বিবেচনায় বিজ্ঞপ্তিতে জিপিএ (৪.০০-৪.৫০) উল্লেখ করতে হবে। বিষয়টি বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | কর্ম শাখা |

| ক্রমিক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ১৬. | মবক কর্তৃক আমদানিকৃত Dredger and Ancillary Craft with other Accessories এর অনুকূলে শুল্ক বিভাগের আউটপাস, বিল অব এন্ট্রি ও শিপিং এজেন্টের ডেলিভারি অর্ডার (ডিও) দাখিল প্রসংগে। | ২২/০৩/২০২০ | MV.HANYI, আগমন তারিখ: ০৩/০৬/২০১৫ ইং রোটেশন নং-১৯২/১৫ জাহাজ যোগে মোংলা বন্দর কর্তৃপক্ষের "Dredger and Ancillary Craft with other Accessories" প্রকল্পের আওতায় আমদানিকৃত ১৩৩ প্যাকেজ মালামাল ৮ নং শেডে সংরক্ষণ করা হয়। ১৩৩ প্যাকেজ মালামালের মধ্যে হতে (৩৪+৩৩)= ৬৭ প্যাকেজ মালামাল শুল্ক বিভোগের আউটপাস, বিল অব এন্টির ও শিপিং এজেন্টের ডেলিভারি অর্ডার( ডি ও ) দাখিল ব্যতীত প্রকৌশলী মতিউর রহমান কর্তৃক জেটিস্থ মেরিন ওয়ার্কশপে সংরক্ষণ করা হয়। অবশিষ্ট ৬৬ প্যাকেজ মালামালের মধ্যে ২৪ ব্যারেল তেল মোংলা কাস্টমস হাউস কর্তৃক নিলাম করা হয় এবং নিলাম ক্রেতা ২৪ ব্যারেল তেল ডেলিভারি গ্রহণ করেছে। বর্তমানে ড্রেজারের ৪২ প্যাকেজ মালামাল ০৮ নং শেডে রক্ষিত আছে যা দীর্ঘ প্রায় ৫ (পাঁচ) বছর যাবত পড়ে আছে । ডেলিভারি গ্রহণকৃত মালামালের বিপরীতে শুল্ক বিভাগের আউটপাস, বিল অব্ এন্ট্রি ও শিপিং এজেন্টের ডেলিভারি অর্ডার(ডি ও) দাখিল না করায় আলোচ্য পণ্য চালানটি মোংলা কাস্টম হাউস ও শিপিং এজেন্টের কাগজপত্রে অখালাসকৃত পণ্য হিসাবে রেকর্ডভূক্ত রয়েছে। এতে ভবিষ্যতে জটিলতা সৃষ্টি হতে পারে।<br>আমদানিকৃত ড্রেজারের অনুকূলে শুল্ক বিভাগের আউটপাশ, বিল অব এন্ট্রি ও সংশ্লিষ্ট শিপিং এজেন্টের ডেলিভারী অর্ডার (ডিও) দাখিলপূর্বক অবশিষ্ট ৪২ প্যাকেজ মালামাল জরুরীভিত্তিতে ডেলিভারি গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | ডকুমেন্টের কাজ সমাপ্তির পর অতিশীঘ্রই মালামালগুলো বুঝে নিতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) ও পরিচালক (ট্রাফিক) |
| ১৭. | স্থায়ী বন্দর জেটি সংরক্ষিত এলাকায় মালামালের অধিকতর নিরাপত্তা নিশ্চিতকল্পে CCTV ক্যামেরা স্থাপন ও ইতোমধ্যে স্থাপিত CCTV ক্যামেরা (PTZ) সমূহে ট্রাফিক বিভাগের কর্মকর্তাদের Access প্রদান প্রসংগে। | ২২/০৩/২০২০ | স্থায়ী বন্দর জেটিতে আমদানিকৃত সাধারণ পণ্য ও গাড়ি বিদ্যমান ওয়্যারহাউস, ট্রানজিট শেড, কার পার্কিং ইয়ার্ড ও উন্মুক্ত চত্তরে এবং পণ্য ভর্তি কন্টেইনার ইয়ার্ডে সংরক্ষণ করা হয়। এ সকল মালামালের নিরাপত্তা বিধানের জন্য বন্দর কর্তৃপক্ষর নিরাপত্তা কর্মী ও আনসার নিয়োজিত আছে। স্থায়ী বন্দর জেটিতে রক্ষিত মালামালের অধিকতর নিরাপত্তার স্বার্থে সম্পূর্ণ জেটি এলাকা জরুরী ভিত্তিতে CCTV'র আওতায় আনা প্রয়োজন। ইতোমধ্যে কিছু কিছু জায়গায় CCTV স্থাপন করা হলেও উক্ত ক্যামেরা সমূহে (PTZ) ট্রাফিক বিভাগের কর্মকর্তাদের Access প্রদান করা হয় নি। ফলে ট্রাফিক বিভাগ কর্তৃক জেটির নিরাপত্তা ব্যবস্থা তদারকি করা সম্ভব হচ্ছে না। প্রয়োজনীয় সংখ্যক CCTV(PTZ) ক্যামেরা স্থাপনের ব্যবস্থা গ্রহণসহ ট্রাফিক বিভাগের কর্মকর্তাদের Access প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্রাফিক বিভাগের শেডসমূহে সিসিটিভি দেখার জন্য মনিটরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান নিরাপত্তা কর্মকর্তা |

| | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১৮. | ট্রাফিক বিভাগের জনবল নিয়োগ প্রসঙ্গে | ২২/০৩/২০২০ | পরিচালক (ট্রাফিক) জানান যে, ট্রাফিক বিভাগের অনুমোদিত সেট-আপে জনবলের সংখ্যা ৬৫০ জন। কিন্তু বর্তমানে কর্মরত আছে মাত্র ১৫২ জন যা অনুমোদিত জনবলের মাত্র ২৩.৩৮%। ৬৫০ জন জনবলের বিপরীতে ১৫২ জন কর্মকর্তা কর্মচারী দ্বারা -দাপ্তরিক ও দৈনন্দিন অপারেশনাল কার্যক্রম পরিচালনা করা খুবই দুরূহ হয়ে পড়েছে। ট্রাফিক অফিসার ও জুনিয়র আউটডোর এ্যাসিস্ট্যান্ট ট্রাফিক বিভাগের দুইটি এন্টি পদ । ট্রাফিক বিভাগের অনুমোদিত সেট-আপে ট্রাফিক অফিসারের ০৮ (আট) টি পদ রয়েছে। তন্মধ্যে বর্তমানে কর্মরত আছে মাত্র ০৩ (তিন) জন ।অবশিষ্ট ০৫ (পাঁচ) টি পদ শূন্য রয়েছে। স্মারক নং-১৮.১৪.০১৫৮.১৮০.০০.১৩৮(৪).১৯.-১৪৮ তারিখ ১৭/০৭/২০১৯ এর মাধ্যমে ০২ (দুই) জন ট্রাফিক অফিসার নিয়োগের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়েছিল। উক্ত ০২ (দুই) জন ট্রাফিক অফিসার অদ্যাবধি নিয়োগ করা হয়নি। জনাব মোঃ ফখরুল ইসলাম, ট্রাফিক অফিসার আগামী ৩১/১২/২০২০ তারিখ পি আর এল এ গমন করবেন। এমতাবস্থায়, ট্রাফিক বিভাগের দাপ্তরিক ও অপারেশনাল কাজ সুষ্ঠভাবে পরিচালনার্থে অন্তত ০৩(তিন) জন ট্রাফিক অফিসার নিয়োগ এবং নিয়োগ প্রক্রিয়াধীন ১১৫ জন জুনিয়র আউটডোর এ্যাসিস্ট্যান্ট নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা প্রয়োজন।অন্যথায় অদূর ভবিষ্যতে ট্রাফিক ভিগের কার্যক্রম পরিচালনায় দক্ষ জনবলের সংকট দেখা দিবে। ট্রাফিক বিভাগসহ যে সকল বিভাগের কর্মকর্তা ও কর্মচারী অন্য বিভাগে কর্মরত আছে। তাদের কে নিজ নিজ বিভাগে বদলীর বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছে। | বিভিন্ন বিভাগের পদায়নকৃত কর্মকর্তা-কর্মচারীদের পর্যায়ক্রমে স্ব স্ব দপ্তরে বদলী করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ |
| ১৯. | মামলা সংক্রান্ত | ২২/০৩/২০২০ | বিভিন্ন আদালতে মে ২০২০ পর্যন্ত মবক সংশ্লিষ্ট মামলা ১৭৪ টি। মবক'র স্বার্থ সংশ্লিস্ট মামলাগুলো দ্রুত নিষ্পন্নের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | মবক কর্তৃক দায়িত্বপ্রাপ্ত এ্যাডভোকেটকে লিস্ট অনুযায়ী মামলাগুলো দ্রুত নিষ্পন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ২০. | বসুন্ধরার জেটি ব্যবহারের বিষয়ে ট্যারিফ আদায় প্রসঙ্গে। | ২২/০৩/২০২০ | বসুন্ধরার জেটি ব্যবহারের বিষয়ে ট্যারিফ আদায়ের বিষয়ে গত ০১-০৬-২০২০ তারিখে এ বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | বসুন্ধরার জেটি ব্যবহারের ট্যারিফ আদায়ের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ২১. | খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার জন্য নীতিমালা প্রণয়ন প্রসঙ্গে। | ২২/০৩/২০২০ | খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনা বিষয়ে প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) কে আহবায়ক করে কমিটি গঠন করা হয়েছে। প্রতিবেদন পাওয়া যায়নি। | আগামী সমন্বয় সভার পূর্বে প্রতিবেদন দাখিল করতে হবে। | প্রকৌশলী (সিঃওহাঃ) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্ত |
|---|---|---|---|---|---|
| ২২. | অবৈধ দখলদার উচ্ছেদ | ২২/০৩/২০২০ | বসুন্ধরার সম্মুখে অবৈধ দোকান উচ্ছেদ করা হয়েছে। বুড়িরডাঙ্গা সরকার মার্কেটে অবৈধ স্থাপনাসমূহ সীমানা সংলগ্ন জটিলতা থাকায় জেলা প্রশাসক, বাগেরহাট এর সহায়তায় উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, চায়নাদের নির্মিত টিনশেড ঘর চেয়ারম্যান মহোদায়কে সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং রাস্তার পাশে টিনের ঘর ভেঙ্গে ফেলার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। অবৈধ উচ্ছেদের জন্য যতগুলো কমিটি গঠন করা হয়েছে সকল কমিটির দাখিলকৃত প্রতিবেদনগুলি চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপনের কার্যক্রম চলমান। | অবৈধ উচ্ছেদের কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান নিরাপত্তা কর্মকর্তা ও প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ২৩. | মবক'র বিভিন্ন বিভাগের জন্য কম্পিউটার, প্রিন্টারসহ আনুষঙ্গিক মালামাল সংগ্রহের আর্থিক সংস্থান প্রসঙ্গে | ০৭/০৫/২০২০ | মোংলা বন্দরে কোন কোন বিভাগে কতটি কম্পিউটার সচল আছে এবং কতটি অসচল আছে একটি কমিটি গঠনের মাধ্যমে তালিকা প্রস্তুতপূর্বক চেয়ারম্যান মহোদয় বরাবর দাখিল করতে হবে। ই-নথির কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে User ID ভিত্তিক কম্পিউটারের ব্যবস্থা করতে হবে। বিদ্যমান কম্পিউটারসমূহ যাচাই করে পরিচালক (প্রশাসন) কে আহবায়ক করে গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদন প্রাপ্তির পরে কম্পিউটার ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। কমিটি কর্তৃক এ বিষয়ে গত ০১-০৬-২০২০ তারিখে প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী পত্র প্রেরণ করা হয়েছে। | পরিচালক (প্রশাসন) কর্তৃক প্রেরিত পত্রের ছক অনুযায়ী চাহিত তথ্যাদি যথাসময়ে প্রেরণ করতে হবে। | সকল বিভাগীয়/ কোষ প্রধান |
| ২৪. | স্থায়ী বন্দর পুকুরপাড় জামে মসজিদ সংস্কার প্রসঙ্গে। | ০৭/০৫/২০২০ | মবক'র বোর্ড সভার সিদ্ধান্তক্রমে স্থায়ী বন্দর পুকুরপাড় জামে মসজিদটি সংস্কারের বিষয়ে আলোচনা হয়। | স্থায়ী বন্দর পুকুরপাড় জামে মসজিদের প্রয়োজনীয় মেরামতের প্রস্তাবনা প্রদান করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ২৫. | সিবিএ এর ভবনের সামনের রাস্তা প্রশস্তকরণ প্রসঙ্গে। | ০৭/০৫/২০২০ | সিবিএ ভবনটি এলওসি এর পোর্ট বাউন্ডারীর ভিতরে থাকায় পরবর্তীতে অন্য কোন সুবিধাজনক স্থানে নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় আলোচনা হয়। তবে বর্তমানে সিবিএ ভবনটি সংস্কারের জন্য প্রাক্কলন প্রস্তুত কাজ চলমান। | বর্তমান সিবিএ ভবনের স্থানটি প্রকল্পের কাজে ব্যবহার হবে এ প্রেক্ষিতে অন্যত্র ভবন করার জন্য জায়গা নির্ধারণ করতে হবে। বর্তমান ভবনের অত্যাবশ্যকীয় মেরামত সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ২৬. | করোনাকালীন কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের ঝুঁকিভাতা প্রদান প্রসঙ্গে। | ০৭/০৫/২০২০ | করোনা মহামারী সময়ে ঝুঁকি নিয়ে সে সমস্ত কর্মকর্তা ও কর্মচারী নিরলসভাবে কাজ করে যাচ্ছে তাদেরকে ঝুঁকিভাতা প্রদান করার বিষয়ে পরিচালক (প্রশাসন) কে আহবায়ক করে কমিটি গঠন করা হয়। সভায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বোর্ড সভায় অনুমোদিত প্রতিবেদনের সাথে সামঞ্জস্য রেখে মোংলা বন্দর কর্তৃপক্ষের প্রতিবেদন প্রস্তুত করার বিষয়ে আলোচনা হয়। | করোনাকালীন কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের ঝুঁকিভাতা প্রদান বিষয়ে চবক এর সাথে সামঞ্জস্য রেখে প্রস্তাব প্রণয়ন করতে হবে। | গঠিত কমিটি |
| ২৭. | কর্মকর্তা ও কর্মচারীদের সুলভ মূল্যে গ্যাস সরবরাহ প্রসঙ্গে। | ০৭/০৫/২০২০ | সুলভ মূল্যে গ্যাস সরবরাহের বিষয়ে ১০টি প্রতিষ্ঠানকে পত্র দেয়া হয়েছে। বসুন্ধরা এলপিজি গ্যাস লিঃ ও যমুনা এলপিজি গ্যাস লিঃ পত্রের উত্তর দিয়েছে এবং তাদের প্রতিনিধিদের সাথে সরাসরি আলাপ হয়েছে। অন্য কোন প্রতিষ্ঠানের নিকট হতে পত্রের উত্তর পাওয়া যায়নি। বাকী প্রতিষ্ঠানসমূহের উত্তর পাওয়া গেলে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | অন্যান্য প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে কর্মকর্তা ও কর্মচারীদের সুলভ মূল্যে গ্যাস সরবরাহের বিষয়ে ব্যবস্থা নিতে হবে। | শ্রম-কল্যাণ কর্মকর্তা (প্রশাসন বিভাগ) |

| ...মিক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ২৮. | সিবিএ ভবনের জন্য আসবাবপত্র ক্রয় ও সরবরাহ প্রসঙ্গে। | ০৭/০৫/২০২০ | সিবিএ ভবন সংস্কার করার পর আসবাবপত্র সরবারহের ব্যবস্থা গ্রহণ করা হবে। | সিবিএ ভবনের জন্য আসবাবপত্র ক্রয় ও সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |

বিবিধ (সিবিএ কর্তৃক প্রাপ্ত এজেন্ডসমুহ)

| ক্রমিক | আলোচ্য বিষয় | এজেন্ডা শুরুর তারিখ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১. | মোংলাস্থ মাধবী আবাসিক এলাকা ও খুলনাস্থ আবাসিক এলাকার ফ্যামিলি ব্যারাকে পানির ট্যাংকি স্থাপন প্রসঙ্গে। | ০৭-০৬-২০২০ | মোংলাস্থ মাধবী আবাসিক এলাকা ও খুলনাস্থ আবাসিক এলাকার ফ্যামিলি ব্যারাকে পানির ট্যাংকি স্থাপন করার বিষয়ে সভাপতি মহোদয় প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) কে নির্দেশনা প্রদান করেন। | মোংলাস্থ মাধবী এলাকায় এবং খুলনাস্থ আবাসিক এলাকার ব্যারকে পানির ট্যাংক স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশ... (সিঃওহাঃ) |
| ২. | ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের পোষাক-পরিচ্ছদ প্রসঙ্গে। | ০৭-০৬-২০২০ | ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের পোষাক-পরিচ্ছদ প্রদান বিষয়টি নথিতে উপস্থাপন করা হয়েছে। শীঘ্রই কর্মচারীদের মাঝে পোষাক প্রদান করা হবে মর্মে সভায় অবহিত করা হয়। | ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের পোষাক-পরিচ্ছদের বিষয়ে প্রশাসন বিভাগ থেকে নথি উপস্থাপন করবে। | পরিচালক (প্রশাসন) |
| ৩. | সরকারি নিয়ম অনুযায়ী গৃহ নির্মাণ ঋন প্রদান সংক্রান্ত। | ০৭-০৬-২০২০ | গৃহ নির্মাণ ঋন প্রদান নীতিমালা গত ১৮-০৩-২০২০ তারিখে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য নৌপমে প্রেরণ করা হয়েছে। | গৃহ নির্মাণ ঋন প্রদান বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৪. | কর্মঘন্টা অনুযায়ী অধিকাল ভাতা প্রদান প্রসঙ্গে। | ০৭-০৬-২০২০ | কর্মঘন্টা অনুযায়ী কর্মচারীদের অধিকাল ভাতা প্রদান বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন। সভাপতি কর্মঘন্টা অনুযায়ী কর্মচারীদের অধিকাল ভাতা প্রদানের জন্য সকল বিভাগীয় প্রধানদের অনুরোধ জানান। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ বাজেটের মধ্যে সীমাবদ্ধ থেকে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ৫. | মাধবী ও মালতি আবাসিকে প্রত্যেকটা বিল্ডিং এর সামনে ময়লা ফেলানোর জন্য ঢাকনাযুক্ত ড্রাম সরবরাহ প্রসঙ্গে। | ০৭-০৬-২০২০ | মাধবী ও মালতি আবাসিকে প্রত্যেকটা বিল্ডিং এর সামনে ময়লা ফেলানোর জন্য ঢাকনাযুক্ত ড্রাম সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে শীঘ্রই তা আবাসিকের ভবনগুলোর সামনে সরবরাহ করা হবে। | মাধবী ও মালতি আবাসিকে প্রত্যেকটা বিল্ডিং এর সামনে ময়লা ফেলানোর জন্য ঢাকনাযুক্ত ড্রাম সরবরাহের কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) |

সভাপতি ট্রাফিক বিভাগ এবং অপারেশনাল কাজের সাথে নিয়োজিত সকলকে হ্যান্ড গ্লাভস, মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি যথাযথ অনুসরণে গুরুত্ব আরোপ করেন। এই করোনাকালীন সময়ে পরিবারবর্গসহ সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ১৭-০৬-২০২০
রিয়ার এডমিরাল এম শাহজাহান, বিএন
চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).২০-

১৭ জুন ২০২০ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ প্রধান:

.............................................................. মবক, মোংলা।

অনুলিপি:

১। সদস্য ( ), মবক, মোংলা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

পরিচালক (প্রশাসন) ১৭/৬/২০২০